

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
জয়পুরহাট  
[www.fisheries.joypurhat.gov.bd](http://www.fisheries.joypurhat.gov.bd)

নং- ৩৩.০২.৩৮০০.৪০০.০১.০৭৮.২৩.৯৯

তারিখঃ ০৬/০৩/২০২৪খ্রি.

শোক প্রস্তাব

গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জয়পুরহাটের সিনিয়র সহকারী পরিচালক জনাব দিপক কুমার হলদার জটিল কিডনি রোগে আক্রান্ত হয়ে গত ২৩.০২.২০২৪ খ্রি. তারিখে উন্নত চিকিৎসার জন্য Center for kidney diseases & Urology Hospital (CKD), শ্যামলী, ঢাকাতে ভর্তি হন। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি গত ০৪/০৩/২০২৪খ্রি. তারিখ সকাল ৯:৫০ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। মৃত্যুকালে তিনি মা, স্ত্রী, দুই কন্যা ও আত্মীয় সজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০২। জনাব দিপক কুমার হলদার ২৫ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২১/০৮/২০০৬খ্রি. তারিখে মৎস্য অধিদপ্তরে উপজেলা মৎস্য অফিসার (পরিচিতি নং-০০৩৬২)পদে যোগদান করেন। চাকুরি জীবনে তিনি অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে তার পেশাগত দায়িত্ব পালন করেছেন। তাঁর এই অকাল মৃত্যুতে মৎস্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী গভীরভাবে শোকাহত এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনাপূর্বক শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

জি, এম, সেলিম

জেলা মৎস্য কর্মকর্তা

জয়পুরহাট

টেলিফোন: (+৮৮)০২৫৮৯৯১৬০১৫

ই-মেইল [dfojaipurhat@fisheries.gov.bd](mailto:dfojaipurhat@fisheries.gov.bd)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর

রাজশাহী বিভাগ, রাজশাহী।